

সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৫১৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫২০]

পর্ব-৬: সালাতের সময়সীমা (১ হান্)

পরিচ্ছেদঃ ১২: মাগরিবের প্রথম ওয়াক্ত

أول وقت المغرب

আরবী

أَخْبَرَنِي عَمْرُو بْنُ هِشَامٍ، قال: حَدَّثَنَا مَخْلَدُ بْنُ يَزِيدَ، عَنْ سُفْيَانَ التَّوْرِيِّ، عَنْ عَلْقَمَةَ بْنِ مَرْتَدِ، عَنْ سُلَيْمَانَ بْنِ بُرَيْدَةَ، عَنْ أَبِيهِ، قال: جَاءَ رَجُلُّ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَأَلَهُ عَنْ وَقْتِ الصَّلَاةِ، فَقَالَ: أَقِمْ مَعَنَا هَذَيْنِ الْيَوْمَيْنِ فَأَمَرَ بِلَالًا فَأَقَامَ عِنْدَ الْفَجْرِ فَصَلَّى الْفَجْرِ، ثُمَّ أَمَرَهُ حِينَ زَالَتِ الشَّمْسُ فَصَلَّى الظُّهْرَ، ثُمَّ أَمَرَهُ حِينَ رَأَى الشَّمْسَ بَيْضَاءَ فَأَقَامَ الْعَصْرَ، ثُمَّ أَمْرَهُ حِينَ وَقَعَ حَاجِبُ الشَّمْسِ فَأَقَامَ الْمَعْرِبَ، ثُمَّ أَمْرَهُ حِينَ وَالشَّمْسُ بَيْضَاءُ وَأَقَامَ الْعِشَاءَ، ثُمَّ أَمْرَهُ مِنَ الْغَدِ فَنَوَّرَ بِالْفَجْرِ، ثُمَّ أَبْرَدَ بِالظُّهْرِ أَمْرَهُ حِينَ عَابَ الشَّفْقُ فَأَقَامَ الْعِشَاءَ، ثُمَّ أَمْرَهُ مِنَ الْغَدِ فَنَوَّرَ بِالْفَجْرِ، ثُمَّ أَبْرَدَ بِالظُّهْرِ وَأَنْعَمَ أَنْ يُبْرِدَ، ثُمَّ صَلَّى الْعَصْرَ وَالشَّمْسُ بَيْضَاءُ وَأَخَّرَ عَنْ ذَلِكَ، ثُمَّ صَلَّى الْمَغْرِبَ قَبْلَ وَأَنْعَمَ أَنْ يُبْرِدَ، ثُمَّ مَلَى الْعَصْرَ وَالشَّمْسُ بَيْضَاءُ وَأَخَّرَ عَنْ ذَلِكَ، ثُمَّ صَلَّى الْمَغْرِبَ قَبْلَ وَالشَّمْسُ بَيْضَاءُ وَأَخَرَ عَنْ ذَلِكَ، ثُمَّ صَلَّى الْمَغْرِبَ قَبْلَ السَّقْقُ ، ثُمَّ أَمْرَهُ فَأَقَامَ الْعِشَاءَ حِينَ ذَهِبَ ثُلُثُ اللَّيْلِ فَصَلَاهَا، ثُمَّ قَالَ: أَيْنَ السَّائِلُ عَنْ وَقْتِ الصَّلَةِ ؟ وَقْتُ صَلَلَاتِكُمْ مَا بَيْنَ مَا رَأَيْتُمْ .

تخریج دارالدعوه: صحیح مسلم/المساجد ۲۱ (۲۱۳)، سنن الترمذی/الصلاة ۱ (۱۵۲)، سنن ابن ماجم/الصلاة ۱ (۲۲۷)، (تحفة الأشراف: ۱۹۳۱)، مسند احمد ۵/۳۲۹ (صحیح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 520 _ صحيح

বাংলা

৫১৯. 'আমর ইবনু হিশাম (রহ.) বুরয়দাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, (একবার) এক ব্যক্তি রাসূলুল্লাহ



সো.) -এর নিকটে এসে সালাতের ওয়াক্ত সম্বন্ধে জিজ্ঞেস করল। তিনি (সা.) বললেন, তুমি আমাদের সাথে দু' দিন অবস্থান কর। তারপর তিনি বিলাল (রাঃ)-কে আদেশ করলেন, তিনি ফজরের ইকামত বললেন, তিনি (সা.) ফজরের সালাত আদায় করলেন। আবার যখন সূর্য ঢলে পড়ল তাকে (ইকামাতের জন্যে) আদেশ করলেন, তারপর যুহরের সালাত আদায় করলেন। এরপরে যখন সূর্য শুভ্র আলোকোজ্জ্বল দেখাচ্ছিল তখন পুনরায় তাকে ইকামাতের আদেশ করলেন এবং আসরের সালাত আদায় করলেন। তারপর যখন সূর্য অস্তমিত হয়ে গেল, তখন তাঁকে ইকামাতের আদেশ করলেন এবং মাগরিবের সালাত আদায় করলেন। তারপর যখন লালিমা অদৃশ্য হয়ে গেল, তখন তাকে ইকামাতের আদেশ করলেন এবং 'ইশার সালাত আদায় করলেন (অর্থাৎ পাঁচ ওয়াক্তের সালাত প্রথম ওয়াক্তে আদায় করলেন)। পরের দিন আবার বিলাল (রাঃ)-কে আদেশ করলেন, তারপর ফজরের সালাত আলোকোজ্জ্বল প্রভাতে পড়লেন। আবার যুহরের সালাত বেশ বিলম্ব করে আদায় করলেন। তারপর 'আসরের সালাত আলোকোজ্জ্বল সময় হতে বিলম্ব করে আদায় করলেন। তারপর লালিমা অদৃশ্য হয়ে যাওয়ার পূর্বেই মাগরিবের সালাত আদায় করলেন। তারপর এক-তৃতীয়াংশ রাত চলে যাওয়ার পর তাকে 'ইশার ইকামত বলার আদেশ করলেন এবং 'ইশার সালাত আদায় করলেন। তারপর বললেন, সালাতের ওয়াক্ত সম্পর্কে জিজ্ঞাসাকারী কোথায়? তোমরা যা দেখলে তার মধ্যখানেই তোমাদের সালাতের সময়।

English

12. The Beginning Of The Time For Maghrib

It was narrated from Sulaiman bin Buraidah that his father said: A man came to the Messenger of Allah (ﷺ) and asked him about the times of prayer. He said: 'Stay with us for these two days.' Then he told Bilal to say the Igamah at dawn and he prayed Fajr. Then he told him to do that when the sun had passed its zenith and he prayed Zuhr. Then he told him to do that when the sun was still bright, and he said the Igamah for 'Asr. Then he told him to do that when the last part of the sun had dissapeared, and he said the Igamah for Maghrib. Then he told him to do that when the twilight had disappeared and he said the Igamah for 'Isha'. The following day, he prayed Fajr when there was light, then he delayed Zuhr until it was cooler, and waited until it was much cooler before praying 'Asr but the sun was still clear, so he prayed 'Asr later than on the first day. Then he prayed Maghrib before the twilight disappeared. Then he told him to say the Igamah for 'Isha' when one-third of the night had passed, and he prayed, then he said: 'Where is the one who was asking about the times of prayer? The times of your prayer are between the times you have seen.'

ফুটনোট

সহীহ: মুসলিম ৬১৩, তিরমিয়ী ১৫২, ইবনু মাজাহ ৬৬৭।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন